

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপূর্ত অধিদপ্তর

প্রগতি শাখা।

বিষয়	: মার্চ/২০১৭ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী।
সভাপতি	: জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময়	: ২০/০৩/২০১৭ ইং সোমবার, দুপুর ১২.০০ ঘটিকায়।
স্থান	: প্রধান প্রকৌশলীর সভাকক্ষে।
উপস্থিতি	: পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয় ভিত্তিক পর্যালোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

**আলোচ্যসূচী- ১ : বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত :**

**আলোচনাঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) জানান বর্তমানে গণপূর্ত অধিদপ্তর সংশ্লিষ্ট কোন অনিস্পন্ন বিষয় অবশিষ্ট নেই। তিনি আরও জানান সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যাচিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।

**সিদ্ধান্তঃ** সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী- ২ : জনসেবামূলক কাজ**

**আলোচনাঃ** সভায় জানানো হয় মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সহজীকরণকৃত সেবার একটি তালিকা ইতিপূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং আগামী এপ্রিল/২০১৭ হতে নিয়মিতভাবে প্রতিমাসের ০২ তারিখের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার যুগ্ম সচিব (অডিট) বরাবর প্রেরণ করা হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়) জানান ইতিমধ্যে ৬টি গণপূর্ত বিভাগে (মেতিঝিল, আজিমপুর, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, সম্পদ বিভাগ, এসবি নগর-৩ এবং চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৪) দৈনন্দিন মেরামত শীর্ষক সেবাটি ই-সেবায় রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ৬টি গণপূর্ত বিভাগের আওতাধীন সরকারি বাসায় বসবাসকারীগণ ওয়েবসাইট হতে সরাসরি অভিযোগ দাখিল করে কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারছেন।

**সিদ্ধান্তঃ** সহজীকরণকৃত সেবার তালিকা প্রতিমাসের ০২ তারিখের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার যুগ্ম-সচিব (অডিট) বরাবর প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নঃ** নির্বাহী প্রকৌশলী (এম.আই. এস. সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



আলোচ্যসূচী- ৩ : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য:

**আলোচনাঃ** সভায় জানান হয় অবৈধ দখলাধীন জমির বিষয়ে বিভিন্ন আদালতে চলমান মামলায় তদারকি এবং অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। ঝিনাইদহ গণপূর্ত বিভাগের আওতাধীন উদ্ধারকৃত জমিতে খুঁটি দ্বারা বেষ্টনী নির্মাণের কাজ চলমান রয়েছে। তাছাড়া বেশ কয়েকটি উদ্ধারকৃত জমিতে প্রকল্প গ্রহণ করা হয়েছে।

- সিদ্ধান্তঃ**
- (১) মার্চ/২০১৭ পর্যন্ত মোট কতটি জমিতে সীমানা প্রাচীর/ কাটা তারের বেষ্টনী নির্মাণ করা হয়েছে এবং কতটি জমিতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, সে বিষয়ক সংখ্যাগত পরিসংখ্যানসহ অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
  - (২) অবৈধ দখলাধীন জমির বিষয়ে আদালতে চলমান মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
  - (৩) অবৈধ দখল হতে উদ্ধারকৃত জমিতে সীমানা প্রাচীর/কাটা তারের বেড়া নির্মাণসহ প্রকল্প গ্রহণের পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী- ৪ : অডিট আপত্তি নিষ্পত্তিকরণ :

**আলোচনাঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট) জানান চাপাইনবাবগঞ্জ ও খাগড়াছড়ির মোট ৩০টি সাধারণ আপত্তি নিয়ে ১৬/০৩/২০১৭ তারিখের নির্ধারিত দ্বিপক্ষীয় সভার তারিখ পুনঃ নির্ধারিত হয়েছে। সভাপতি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ে ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রস্তাব প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

- সিদ্ধান্তঃ**
- (১) মন্ত্রণালয়ে ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রস্তাব প্রেরণ করতে হবে।
  - (২) নিয়মিত দ্বিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী- ৫ : (১) আদালতে বিচারাধীন মামলা সংক্রান্তঃ

**আলোচনাঃ** সভায় আইন কর্মকর্তা জানান বর্তমান মাসে ৪টি মামলা উৎপত্তি হয়েছে ও ৪টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা ১০২৩টি। সরকারের বিপক্ষে কোন মামলার রায় হয়নি।

**সিদ্ধান্তঃ** আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং মামলাগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ আইন কর্মকর্তা (যুগ্ম-সচিব), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

